

## ॥ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ২০৯৮

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ ঝড়-বাতাসকে গালি দেওয়া নিষেধ ও ঝড়ের সময় দু'আ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ : كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا عَصَفَتِ الرِّيحُ قَالَ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ خَيْرَهَا وَخَيْرَ مَا فِيهَا وَخَيْرَ مَا أُرْسِلْتُ بِهِ وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّهَا وَشَرِّ مَا فِيهَا وَشَرِّ مَا أُرْسِلْتُ بِهِ رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

(২০৯৮)আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, ঝড়-তুফান চলা কালে আল্লাহর রসূল এই দু'আ করতেন, 'আল্লাহ হ্�ম্মা ইন্নি আসআলুকা খাইরাহা অখাইরা মা ফীহা অখাইরা মা উরসিলাত বিহ, আআউয়ু বিকা মিন শাররিহা অশাররি মা ফীহা অশাররি মা উরসিলাত বিহ।'

অর্থাৎ, হে আল্লাহ! নিশ্চয় আমি এর কল্যাণ, এর মধ্যে যা আছে তার কল্যাণ এবং যার সাথে এ প্রেরিত হয়েছে তার কল্যাণ তোমার নিকট প্রার্থনা করছি। আর এর অনিষ্ট, এর মধ্যে যা আছে তার অনিষ্ট এবং যার সাথে এ প্রেরিত হয়েছে তার অনিষ্ট হতে পানাহ চাচ্ছি।

### ফুটনোট

(মুসলিম ২১২২, তিরমিয়ী ৩৪৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65846>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন